



## বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট

বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।  
[www.bb.org.bd/bfiu](http://www.bb.org.bd/bfiu)



“মুজিববর্ষের অঙ্গীকার  
দেশী পণ্যের ব্যবহার”

### বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) এর প্রধান কর্মকর্তা পদে নিয়োগ বিজ্ঞপ্তি

নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাদিতে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) এর প্রধান কর্মকর্তা পদে নিয়োগের জন্য বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

- (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যান্য স্নাতকোত্তর ডিগ্রী;
- (২) সরকারের অর্থ বা আর্থিক প্রতিষ্ঠান সংক্রান্ত কার্যক্রমে অন্যান্য ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ প্রশাসনিক কার্যক্রমে সর্বমোট অন্যান্য ২০ (বিশ) বৎসরের অভিজ্ঞতা; বা কেন্দ্রীয় ব্যাংকের কার্যক্রমে অন্যান্য ২০(বিশ) বৎসরের অভিজ্ঞতা;
- (৩) মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত কার্যক্রমে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে;
- (৪) সন্তোষজনক যোগাযোগ, উপস্থাপনা ও নেগোসিয়েশন কৌশলে দক্ষতা (Communication, Presentation and Negotiation Skill) সম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার দেয়া হবে;
- (৫) ০১ ডিসেম্বর ২০২১ তারিখে আবেদনকারীর বয়স ৬২ (ষাষটি) বৎসর বা তার কম হতে হবে;
- (৬) বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্দিষ্ট তারিখের মধ্যে এবং চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করতে হবে;
- (৭) সরকার নির্ধারিত বেতন-ভাতাদি ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান সাপেক্ষে নির্ধারিত মেয়াদের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। সন্তোষজনক চাকুরির ভিত্তিতে মেয়াদান্তে চাকুরির মেয়াদ বৃদ্ধি করা যাবে; তবে বয়স ৬৫ (পঁয়ষটি) বৎসর অতিক্রান্ত হলে এ চাকুরিতে নিয়োজিত রাখা যাবে না;
- (৮) কেবলমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীগণকে চূড়ান্ত নির্বাচনের লক্ষ্যে সাক্ষাৎকারের জন্য পত্র প্রেরণ করা হবে;
- (৯) অগ্রাধিকার প্রার্থীকে জীবন-বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতা/পেশাগত সনদপত্রের ফটোকপি, ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং যোগাযোগের বিস্তারিত ঠিকানাসহ সাদা কাগজে সভাপতি, বিএফআইইউ এর প্রধান কর্মকর্তা নিয়োগ সংক্রান্ত কমিটি বরাবরে লিখিত আবেদনপত্র হার্ডকপি ও সফটকপি নিম্ন ঠিকানায় ২০ সেপ্টেম্বর ২০২১ তারিখ বিকাল ৬.০০ ঘটিকার মধ্যে পৌঁছাতে হবে;
- (১০) কমিটি কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

আবেদন পৌঁছানোর ঠিকানা: উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, দ্বিতীয় সংলগ্নী ভবন, ১২ তলা, মতিঝিল, ঢাকা-১০০০। ইমেইল: [abdur.rab@bb.org.bd](mailto:abdur.rab@bb.org.bd)

(মোহাম্মদ আবদুর রব) ২২/০৮/২০

উপমহাব্যবস্থাপক

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট

ও

সাচিবিক সহায়তা প্রদানকারী কর্মকর্তা।